



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ইমেইলঃ bdcoronasaver@gmail.com



মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২৮ মার্চ, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

	২৪ ঘন্টায় আক্রান্ত		৪৮ মোট আক্রান্ত		১৫ মোট সুস্থ		৫ মোট মৃত্যু
	৫৩,৪৪২ মোট কোয়ারেন্টাইন		২৪,৯৫৯ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত		২৮,৪৮৩ বর্তমান কোয়ারেন্টাইন		
	৩৩১ মোট আইসোলেশন		২৮৪ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত		৪৭ বর্তমান আইসোলেশনে		

করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বেলা ১২.০০ ঘটিকায় স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) -এর কনফারেন্স কক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ অংশ নেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (এমআইএস) এন্ড লাইন ডাইরেক্টর (এইচআইএস এন্ড ই-হেল্থ) ডাঃ মোঃ হাবিবুর রহমান এবং রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেরিনা ফ্লোরা। ব্রিফিং এ জানানো হয় -

(ক) গতকাল বিশ্বস্বাস্থ্য সংস্থার মহাপরিচালক ডা: টেড্রোস অধোনাম ঘেরিয়াসাস বিভিন্ন দেশের স্বাস্থ্যমন্ত্রীগণের সাথে একটি ভার্চুয়াল মিটিং আয়োজন করেন। উক্ত মিটিংয়ে বাংলাদেশের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জনাব জাহিদ মালেক এম পি অংশগ্রহণ করেন। উক্ত সভায় বিশ্ব COVID-19 পরিস্থিতি আলোচনা করা হয়। বিশেষতঃ চীন, দক্ষিণ কোরিয়া, সিংগাপুর ও জাপান কিভাবে সাফল্য লাভ করেছে তা তুলে ধরা হয়। এসবের আলোকে এটা নিশ্চিত যে, বাংলাদেশের প্রস্তুতি এবং কার্যক্রম সঠিক পথেই রয়েছে।

(খ) ইতোমধ্যে COVID-19 পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ ও ল্যাবরেটরি নেটওয়ার্ক সম্প্রসারণ করা হয়েছে। ৬৪ টি জেলা এবং ১০০টি উপজেলার মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব), মেডিকেল টেকনোলজিস্ট (ইপিআই) ও অন্যান্য মেডিকেল টেকনোলজিস্টদেরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাকী উপজেলা এবং অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের মেডিকেল টেকনোলজিস্টদেরকে অদ্য বেলা ১১ টা থেকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

ঢাকায় ইতোমধ্যে আইইডিসিআর ছাড়াও আইপিএইচ, ন্যাশনাল ইনস্টিটিউট অফ ল্যাবরেটরি মেডিসিন, আইসিডিডিআরবি, শিশু হাসপাতালস্থ Child Health Research Foundation এবং ideSHi নামে একটি বিজ্ঞান ভিত্তিক অলাভজনক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান PCR Test করার জন্য প্রস্তুত আছে। শীঘ্রই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, বিএসএমএমইউ, আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অফ প্যাথলজি, এবং কুর্মিটোলা জেনারেল হাসপাতালে PCR Laboratory প্রস্তুত করা হচ্ছে। ঢাকার বাহিরে প্রতিটি বিভাগে PCR Test সম্প্রসারণের পদক্ষেপ নেয়া হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রামে বাংলাদেশ ইনস্টিটিউট অফ ট্রফিক্যাল মেডিসিন এ্যান্ড ইনফেকশাস ডিজিজেস হাসপাতালে COVID-19 পরীক্ষা শুরু হয়েছে। রংপুর ও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে PCR Machine বসানোর কাজ শেষের পথে। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে PCR Machine চালুর জন্য আজ একটি কারিগরি দল সেখানে যাচ্ছে। আশা করা যাচ্ছে, আগামী ৭ থেকে ১০ দিনের মধ্যে অন্য বিভাগগুলোতে COVID-19 পরীক্ষা চালু হবে।

(Handwritten signature)

গ) কুয়েত মৈত্রী হাসপাতালে অতিরিক্ত ১৬ টি ভেন্টিলেটর মেশিন বসানো হচ্ছে। শেখ রাসেল ন্যাশনাল ইন্সটিটিউট অফ ডাইজেস্টিভ ডিজিজ হাসপাতালে ৮টি ভেন্টিলেটর মেশিন বসানো হয়েছে। ইতোমধ্যে এ হাসপাতালটিকে COVID-19 চিকিৎসার জন্য Dedicated করা হয়েছে। কুর্মিটোলা জেনারেল হাসপাতালটিকে COVID-19 চিকিৎসার জন্য Dedicated করা হয়েছে এবং সেখানেও ICU বেড বাড়ানো হচ্ছে।

ঘ) যে সমস্ত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মী COVID-19 রোগীদের চিকিৎসা দেবেন তাদের সুরক্ষা সর্বোচ্চ বিবেচনায় রয়েছে। সে উদ্দেশ্যে প্রতিদিন সরকারি বেসরকারি বিভিন্ন সংস্থা থেকে পিপিই (PPE) এবং অন্যান্য সামগ্রী সংগ্রহ এবং সরবরাহ করা হচ্ছে। এসকল সামগ্রীর কোন অভাব হবেনা। সার্বিক পরিস্থিতির উপর সরকারের নজরদারি রয়েছে। জনগণকে আতংকিত না হয়ে সতর্ক থাকতে পরামর্শ দেয়া হচ্ছে।

ঙ) যাদের বয়স ৬০ এর বেশি এবং যাদের এজমা, শ্বাসতন্ত্রের অন্যান্য রোগ (COPD), ডাইয়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, ক্যান্সার, কিডনী রোগ আছে বা যারা প্রসূতি তাদের অবশ্যই সুরক্ষার মধ্যে বাড়িতে থাকার পরামর্শ দেয়া হচ্ছে। তাদের নিজের রোগটি ভালোভাবে নিয়ন্ত্রণে রাখতে হবে। এ বিষয়ে যে কোন ধরণের অবহেলা নিজের ক্ষতির কারন হতে পারে।

বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200327-sitrep-67-covid-19.pdf?sfvrsn=b65f68eb_4)

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট ৫,০৯,১৬৪ জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন ২৩,৩৩৫ জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা ৪৬,৪৮৪ জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা ২,৫০১। দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা ৩৯৬ জন এবং মৃত্যুসংখ্যা ২৬। এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে ২,৯৩২ জন এবং মোট মৃত্যুসংখ্যা ১০৫।

বাংলাদেশ পরিস্থিতি

কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্র: আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশে আজ পর্যন্ত মোট ১০৭৬ জন ব্যক্তির কোভিড-১৯ পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় করা হয়েছে ৪৭ জনের পরীক্ষা। এ পর্যন্ত মোট ৪৮ জন কোভিড-১৯ পজিটিভ রোগী পাওয়া গেছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় এ সংখ্যা ০। বাংলাদেশে COVID-19 আক্রান্ত হয়ে মোট মৃতের সংখ্যা ৫, তন্মধ্যে গত ২৪ ঘন্টায় মৃত্যুর সংখ্যা ০ এবং অদ্যাবধি সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন ১৫ জন এবং চিকিৎসাধীন আছেন ২৮ জন।

অন্যান্য তথ্যঃ

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় কোয়ারেন্টাইন সংখ্যা	গত ২৪ ঘন্টায় ছাড় সংখ্যা	অদ্যাবধি মোট ছাড়	বর্তমানে মোট কোয়ারেন্টাইন	অদ্যাবধি সর্বমোট
হোম কোয়ারেন্টাইন	২,১১১	৪,০৩৯	২৪,৮৯৪	২৮,৩৪১	৫৩,২৩৫
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৪	২৪	৬৫	১৪২	২০৭
সর্বমোট	২,১১৫	৪,০৬৩	২৪,৯৫৯	২৮,৪৮৩	৫৩,৪৪২

আইসোলেশন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ আইইডিসিআর/ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় আইসোলেশন	গত ২৪ ঘন্টায় ছাড়প্রাপ্ত	অদ্যাবধি ছাড়প্রাপ্ত	অদ্য আইসোলেশনে অবস্থান সংখ্যা	অদ্যাবধি সর্বমোট আইসোলেশন
আইসোলেশন সম্পর্কিত তথ্য	০	০	২৮৪	৪৭	৩৩১

মো

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান

(সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৬৮,৩৯৪	৭,০০,৫৭১
৩৩৩	১,৩৩৫	৩১,৫৬৩
আইইডিসিআর (01944333222, 10655)	৩,৪০৫	৭০,৪৪৬
মোট ফোন কলের সংখ্যা	৭৩,১৩৪	৮,০২,৫৮০


বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	৩৬	৩,২২,২৯৭
সমুদ্রবন্দর সমূহ	২১৫	১০,৫৪১
স্থলবন্দর সমূহ	১৫৯	৩,২৫,১৪৬
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৪১০	৬,৬৫,০১৩

সেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে নিবন্ধনকৃত চিকিৎসক ও চিকিৎসা শিক্ষার্থীদের সংখ্যাঃ

মোট নিবন্ধনকৃত	কোভিড-১৯ বিষয়ক অনলাইন কোর্স সম্পন্ন করেছেন	হটলাইন সিস্টেমে চিকিৎসাসেবা ও তথ্য প্রদানে যুক্ত হয়েছেন
৩৮,২০৪	৭,২২৭	১১২৭


(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।